

সিডনীৰ বীৰ বাঙ্গালী

দুলাল হালদার

সব কমিটির পদ চাই
যোগ্যতা মোর আছে কি নাই

প্যারী পার্কে নির্বাচন করি
চেয়ার ছুঁড়ে মারামারি

প্রহসনের নির্বাচন
হয়েছিল বিসর্জন

রেস্টুরেন্টে হামলা করি
এভিও নিয়ে চলি ফিরি

প্যাড সর্বস্ব সংগঠন
করতে ভূয়া প্রত্যয়ন,
সদস্যের চেয়ে পদ বেশি
বৌ বাচ্চা সবাই খুশি

বাংলা মেলায় আয়োজন করি
দলীয় ব্যানার উঁচিয়ে ধরি

পাল্টা পাল্টি কমিটি করি
বেগমের কাছে ধরনা ধরি
দাবিদার কমিটির অনুমোদন চাই
প্রবাসী কমিটি কিতাবে নাই
ছবি তুলে প্রবাসে ফিরি
পত্রিকায় দিয়ে তৃপ্ত করি

আহত নেতার সচিত্র সমাচার
দোয়া কামনা না রাজনৈতিক প্রচার?

পুরনো পোশাক ফেলে বিনে
সরকারী দলের কোট কিনে
তেনাদের আসার শুভ দিনে
গুটি কয়েক ওরাথা কিনে
এয়ার পোর্টে ব্যানার নিয়ে
ফুলের তোড়া তুলে দিয়ে
ছবি করলো ক্যামেরা বন্দী
সার্থক হলো দুরভিসন্ধি।
মত বিনিময় স্মৃতি তর্পন
যথা পূর্বং তথা পরং

হজ্ব ব্রতের উছিলা করি
টিকেট বেচার ধান্দা করি

ছাত্র ভর্তির নাম করি
হতে চাই আদম ব্যাপারী
ক্যাশের কাজের নিশানা খুঁজি
ডোলের টাকায় গড়তে পুঁজি
বাড়ি এখানে ফ্লাট টাকায়
বন্ধু বান্ধব ফিরে তাকায়
ঋণে এখানে প্রাণ যায়
দেশে বিরাট কোরবানী দেয়
ট্যাক্সীর ভেতরে আকাম করে
জেলের ভিতর পচে মরে
বৌ পিটিয়ে কুপুরুষ সেজে
পুলিশ নোটিশে ঘুমায় মেঝে
দেশী খাস্তাত ছাড়তে নারাজ
অপকর্মে বেহায়া বেলাজ
বিদেশে দেশের দিওনা কবর
একদিন তোমার হবে খবর
ধান্দাবাজী ক্ষণকাল
মনে রেখ পরকাল
কর যা মানুষের করণীয়
তবেই হবে সুরণীয় বরণীয়।

দুলাল হালদার, সিডনী, ২০/০৩/২০১০